বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

সততার কোন বিকল্প নেই, দুর্নীতির সাথে আপোষ নহে।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী।

কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

ফোন নং: ০২৫৮৮৮৭৮৯৩৭; ই-মেইল: dgmcad1@rakub.org.bd
www.rakub.org.bd

মুজিব ১০০

"মুজিববর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি"

প্রকা/কেহিবি-১/পরিপত্র নং-০৬/২০২২

তারিখ : ২৪ জুলাই, ২০২২ / ০৯ শ্রাবণ, ১৪২৯

বিষয়ঃ ২০২১-২০২২ অর্থবছর (২০২২-২০২৩ কর বছর) এর কর্মকর্তা/কর্মচারীগণের বৈতনিক আয়ের উপর আয়কর নিরূপণ, কর্তন, হিসাব দাখিল ও ক্রেডিট এ্যাডভাইস ইস্যু প্রসংগে।

উর্পযুক্ত বিষয়ে এই বিভাগের ১৫-০৬-২০২১ তারিখের পরিপত্র নং-০৩/২০২১ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ৩০ জুন, ২০২২ তারিখে সমাপ্ত ২০২১-২০২২ অর্থবছর (২০২২-২০২৩ কর বছর) এর জন্য ব্যাংকের সকল করযোগ্য কর্মকর্তা/কর্মচারীর বৈতনিক আয়ের আয়কর নিজ তহবিল হতে প্রদানের ক্ষেত্রে অর্থ আইন, ২০২২ (২০২২ সনের ১৩ নং আইন) এর মাধ্যমে আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এ আনীত পরিবর্তনসমূহ বিবেচনায় নিয়ে নিম্নবর্ণিত নিয়মাচার অনুসরণ করার জন্য বলা হলো এবং বৈতনিক আয়ের আয়কর নিরূপণে সহায়ক কম্পিউটেশন শীট ছক 'ক' ও 'খ', প্রত্যয়নপত্র ছক 'গ' ও 'ঘ' এবং নমুনা এতদসংগে সংযুক্ত করা হলো।

(অ) করদাতা কে হবেনঃ

(ক) যে সকল কর্মকর্তা/কর্মচারীর ১ জুলাই, ২০২১ হতে ৩০ জুন, ২০২২ তারিখ পর্যন্ত মোট বেতন আয় পুরুষ করদাতার জন্য ৩,০০,০০০/-টাকা, তৃতীয় লিঙ্গের করদাতা ও মহিলা করদাতার জন্য ৩,৫০,০০০/-টাকা, প্রতিবন্ধী করদাতার জন্য ৪,৫০,০০০/-টাকা এবং গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার জন্য ৪,৭৫,০০০/- টাকার উর্ধ্বে হবে।

খ) একজন সরকারি কর্মকর্তা/কর্মচারীর মূল বেতন, উৎসব ভাতা এবং বোনাস/এক্সগ্রেসিয়া ''করযোগ্য আয়'' হিসেবে বিবেচিত হবে। অন্য সকল সুবিধা ও ভাতাদি যেমন- বাড়ী ভাড়া ভাতা, চিকিৎসা ভাতা, যাতায়াত ভাতা, বাংলা নববর্ষ ভাতা, ছুটি নগদায়ন এবং শ্রান্তি বিনোদন ভাতা ইত্যাদি করমুক্ত থাকবে।

গ) ৩০-০৬-২০২২ তারিখ পর্যন্ত পূর্ণ বা আংশিক পিআরএল ভোগরত কর্মকর্তা/কর্মচারীগণ [যদি অনুচ্ছেদ (অ)(ক) এ বর্ণিত আয় থাকে]।

(আ) বিনিয়োগ ও দানের খাতসমূহ এবং কর রেয়াত সুবিধার হারঃ

বিনিয়োগের খাতঃ

- ব্যাংক ও নিজের দেয় ভবিষ্য তহবিলের চাঁদা (ভবিষ্য তহবিল গ্রহীতাদের ক্ষেত্রে)।
- নিজের দেয় ভবিষ্য তহবিলের চাঁদা (পেনশন গ্রহীতাদের ক্ষেত্রে)।
- জীবন বীমার প্রিমিয়াম।
- গোষ্ঠী বীমার প্রিমিয়াম।
- যে কোন তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ডিপোজিট স্কীমে বার্ষিক সর্বোচ্চ ৬০,০০০/-টাকা নিজ নামে বিনিয়োগ।
- অনুমোদিত বদান্য তহবিলের চাঁদা।
- সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ (চলতি বছরে নিজ নামে ক্রয়কৃত)।
- বাংলাদেশের ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার, স্টক, মিউচ্যুয়াল ফান্ড বা ডিবেঞ্চারে বিনিয়োগ।
- বাংলাদেশ সরকার অনুমোদিত ট্রেজারী বন্ডে বিনিয়োগ।

দানঃ

- যাকাত তহবিলে দান।
- জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত কোন দাতব্য হাসপাতালে দান।
- প্রতিবন্ধীদের কল্যাণে স্থাপিত প্রতিষ্ঠানে দান।
- মুক্তিযুদ্ধ যাদুঘরে প্রদত্ত দান।
- আগাঁ খান ডেভেলপমেন্ট নেটওয়ার্কে দান।
- সরকার কর্তৃক অনুমোদিত জনকল্যাণমূলক বা শিক্ষা প্রতিষ্ঠানে দান।
- মুক্তিযুদ্ধের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠানে অনুদান।
- জাতির জনকের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে অনুদান।

চলমান পাতা-০২

অনুমোদনযোগ্য বিনিয়োগ সীমাঃ

উপরোক্ত খাতসমূহে বিনিয়োগ ও দানকৃত মোট অর্থ অথবা করযোগ্য মোট আয়ের [82C ধারার (2) উপ-ধারায় বর্ণিত উৎস/উৎসসমূহ হতে প্রাপ্ত আয় এবং কর অব্যাহতি প্রাপ্ত বা হ্রাসকৃত করহার প্রযোজ্য এমন আয় থাকলে তা ব্যতীত] ২০% অথবা ১.০০ কোটি (এক কোটি) টাকা এ তিনটির মধ্যে যেটি কম সেটি অনুমোদনযোগ্য বিনিয়োগ হিসেবে বিবেচিত হবে। বিনিয়োগজনিত রেয়াত দাবীর স্বপক্ষে প্রমাণাদি আয়কর রিটার্নের সাথে দাখিল করতে হবে।

কর রেয়াত সুবিধার হারঃ

একজন করদাতা তার মোট আয়ের উপর পরিশোধ্য কর হতে অনুমোদনযোগ্য বিনিয়োগের ১৫% কর রেয়াত সুবিধা প্রাপ্ত হবেন।

(ই) আয়কর হারঃ

একজন করদাতা ২০২১-২০২২ অর্থবছরে তার মোট আয়ের উপর নিম্নবর্ণিত হারে কর প্রদান করবেনঃ

বার্ষিক মোট আয়	আয়করের হার
০১) প্রথম ৩,০০,০০০/-(তিন লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর	শূন্য
০২) পরবর্তী ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর	৫%
০৩) পরবর্তী ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১০%
০৪) পরবর্তী ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর	১৫%
০৫) পরবর্তী ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত মোট আয়ের উপর	২০%
০৬) অবশিষ্ট মোট আয়ের উপর	২৫%

তবে শর্ত থাকে যে-

- তৃতীয় লিঙ্গের করদাতা এবং মহিলা করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৩,৫০,০০০/- টাকা;
- প্রতিবন্ধী ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৪,৫০,০০০/- টাকা;
- গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতার করমুক্ত আয়ের সীমা হবে ৪,৭৫,০০০/- টাকা;
- কোন প্রতিবন্ধী ব্যক্তির পিতামাতা বা আইনানুগ অভিভাবকের প্রত্যেক সন্তান বা পোষ্যের জন্য করমুক্ত আয়ের সীমা ৫০,০০০/- টাকার অধিক হবে; প্রতিবন্ধী ব্যক্তির পিতা ও মাতা উভয়েই করদাতা হলে যে কোন একজন এই সুবিধা ভোগ করবেন।

(ঈ) ন্যূনতম করের পরিমাণঃ

এলাকার বিবরণ	ন্যূনতম করের পরিমাণ (টাকা)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৫,০০০/-
অন্যান্য সিটি কর্পোরেশন এলাকায় অবস্থিত করদাতা	৪,০০০/-
সিটি কর্পোরেশন ব্যতীত অন্যান্য এলাকায় অবস্থিত করদাতা	৩,০০০/-

বিনিয়োগজনিত কর রেয়াত প্রদানের ফলে আয়করের পরিমাণ ন্যূনতম করের কম, শূন্য (০) বা ঋণাত্বক হলেও ন্যূনতম কর প্রদান করতে হবে। একজন চাকুরীজীবি করদাতা একটি আয় বছরে একাধিক স্থানে কর্মরত থাকলে যে স্থানে তিনি বেশি সময় কর্মরত ছিলেন ন্যূনতম করের জন্য সে স্থানই তার অবস্থানস্থল হিসেবে বিবেচিত হবে।

০৩। বৈতনিক আয়ের উপর আয়কর নিরূপণ, আদায় ও বিবরণী প্রেরণ পদ্ধতিঃ

২০২১-২০২২ অর্থবছর (২০২২-২০২৩ কর বছর) এর জন্য করযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণের বৈতনিক আয়ের উপর উপরোক্ত হারে আয়কর নিরূপণ করে সংযুক্ত ছক 'ক' এবং 'খ' মোতাবেক আয়কর নির্ধারণী শীট পূরণ করতে হবে। প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, জোনাল কার্যালয়, জোনাল নিরীক্ষা কার্যালয়, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা কর্পোরেট শাখা ও সকল শাখার বেতন প্রদানকারী কর্তৃপক্ষ ২০২১-২০২২ অর্থবছর (২০২২-২০২৩ কর বছর) এর জন্য করযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণের বৈতনিক আয়ের উপর উপরোক্ত হারে আয়কর নির্ধারণ করত: নীট প্রদেয় বৈতনিক আয়কর হতে কর্তনকৃত বৈতনিক আয়করের টাকা বাদ দিয়ে অবশিষ্ট টাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর জুলাই/২০২২ মাসের বেতন হতে বাধ্যতামূলকভাবে কর্তন, কর্তনকৃত অর্থের পৃথক ক্রেডিট এ্যাডভাইস ইস্যু এবং তালিকা প্রেরণ নিশ্চিত করবেন। এখানে উল্লেখ্য যে, কোন করযোগ্য কর্মকর্তা/কর্মচারী কর্তৃক প্রদেয় আয়করের অতিরিক্ত অর্থ প্রদান করা হলে তা সমন্বয়ের জন্য কোনভাবেই ডেবিট এ্যাডভাইস ইস্যু করা যাবে না। প্রদেয় আয়করের অতিরিক্ত অর্থ পরবর্তীতে কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ হতে ফেরত প্রদান করা হবে। প্রধান কার্যালয় এবং প্রশিক্ষণ ইনস্টিটিউট এর করযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণের বৈতনিক আয়ের আয়কর (যদি অবশিষ্ট থাকে) কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ হতে বেতন প্রদানের সময় কর্তন করতে হবে। আয়কর কর্তনের ক্ষেত্রে কোন প্রকার অজুহাত গ্রহণযোগ্য হবে না। এর ব্যত্যয় হলে বেতন প্রদানকারী কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। নিম্নোক্ত রোড ম্যাপ অনুযায়ী বিবরণীসমূহ প্রধান কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রসঙ্গত: উল্লেখ্য যে, কম্পিউটেশন শীটে (ছক 'ক' ও 'খ') অবশ্যই জাতীয় পরিচয় পত্র, ই-টিআইএন ও মোবাইল নং উল্লেখ করতে হবে। কম্পিউটেশন শীটগুলি নিয়ন্ত্রণকারী কার্যালয়ে প্রেরণের পূর্বে বেতন প্রদানকারী কর্তৃপক্ষ এই মর্মে প্রত্যয়নপত্র (ছক-'গ' অনুযায়ী) প্রদান করবেন যে, তালিকাভুক্ত করদাতা ব্যতীত বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, জোনাল কার্যালয়, জোনাল নিরীক্ষা কার্যালয় এবং শাখায় অন্য কোন করদাতা কর্মকর্তা/কর্মচারী নাই। বেতন প্রদানকারী কর্তৃপক্ষ জুলাই/২০২২ মাসের ৩১ তারিখের মধ্যে বৈতনিক আয়ের আয়কর কর্তনের পরিমাণ উল্লেখ করে ছক-'ঘ' অনুযায়ী একটি প্রত্যয়নপত্র প্রদান করবেন যা আয়কর রিটার্ন দাখিলের সময় আয়কর কর্তনের প্রমাণক হিসেবে দাখিল করতে হবে।

০৪। বিবরণীসমূহ প্রেরণের সময়সূচীঃ

ক্রমিক নং	শাখা/কার্যালয়	বিবরণ	কোথায় প্রেরণ করতে হবে	প্রেরণের তারিখ	প্রধান কার্যালয়ে যার নিকট প্রেরণ করতে হবে	মন্তব্য
০১।	প্রধান কার্যালয় ও প্রশিক্ষণ ইনস্টিটিউট	ছক-'ক','খ' ও 'গ'	কেন্দ্রীয় হিসাব বিভাগ-১	২৬-০৭-২০২২	জনাব মোঃ আতাউর রহমান উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	নিজ নিজ বিভাগের ছক-'ক' এবং 'খ' একীভূত করে ছক-'গ' প্রস্তুত করতে হবে।
০২।	বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়	ছক-'ক','খ' ও 'গ'	কেন্দ্রীয় হিসাব বিভাগ-১	২৮-০৭-২০২২	জনাব মোঃ আতাউর রহমান উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	নিজ নিজ কার্যালয়ের ছক-'ক' এবং 'খ' একীভূত করে ছক-'গ' প্রস্তুত করতে হবে।
০৩।	জোনাল কার্যালয়	ছক-'ক','খ' ও 'গ'	কেন্দ্রীয় হিসাব বিভাগ-১	২৮-০৭-২০২২	জনাব মোঃ আতাউর রহমান উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা	জোনাল কার্যালয়/জোনিকা/শাখার ছক-'ক' এবং 'খ' একীভূত করে ছক-'গ' প্রস্তুত করতে হবে।
০৪।	জোনিকা/শাখাসমূহ	ছক-'ক' ও 'খ'	জোনাল কার্যালয়ে	২৭-০৭-২০২২	-	নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণ ছক 'গ' প্রস্তুত করবে।

০৫। কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারীগণ কর্তৃক ভুল কর বিবরণী (রিটার্ন) দাখিল করার কারণে বা আদৌ কর বিবরণী দাখিল না করার কারণে আয়কর কর্তৃপক্ষ কর্তৃক কোন জরিমানা আরোপিত হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

চলমান পাতা-০৪

০৬। উল্লিখিত নির্দেশাবলী যথাযথভাবে পরিপালনপূর্বক বৈতনিক আয়কর সংক্রান্ত বিবরণীসমূহ যথাসময়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৭। পরবর্তীতে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আয়কর সংক্রান্ত কোন সংশোধন, পরিবর্তন/পরিবর্ধন আনয়ন করা হলে সে মোতাবেক প্রয়োজনীয় সংশোধনী প্রযোজ্য হবে।

০৮। বৈতনিক আয়কর সংক্রান্ত বিষয়ে কোন ব্যাখ্যা/তথ্যের প্রয়োজন হলে স্থানীয় আয়কর অফিস অথবা এই বিভাগের সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

২৪/০৭/২০২২

মোঃ মজনূর রহমান
উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ০২৫৮৮-৮৭৮৯৩৭

সংযুক্তিঃ ০৬ (ছয়)।

স্মারক নং- প্রকা/কেহিবি-১/৩০(২০)/২০২২-২০২৩/১৩৩(৪৫৫) তারিখ : ঐ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, পর্ষদ সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
২। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৩। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
৫। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
৬। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী। পরিপত্রটি সংযুক্তিসহ রাকাবের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।
৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনষ্টিটিউট, রাজশাহী।
৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১০। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
১১। ব্যবস্থাপক, রাকাব, স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
১২। প্রকল্প পরিচালক, রাকাব-এসইসিপি, সিপিও, রাজশাহী।
১৩। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৪। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
১৫। আহমেদ খান এন্ড কোং, আয়কর উপদেষ্টা, মধুমিতা বিল্ডিং (২য় তলা), ১৬০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
১৬। উপ-কর কমিশনার, সার্কেল-১৮(বৈতনিক), কর অঞ্চল-রাজশাহী।
১৭। অফিস নথি।

২৪/০৭/২০২২

মোঃ আতাউর রহমান
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
ফোন: ০২৫৮৮-৮৭৮৯৩৮

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক ছক-‘ক’

.... শাখা/কার্যালয়/বিভাগ। **(কম্পিউটেশন শীট)**

২০২১-২০২২ অর্থবছরের (২০২২-২০২৩ কর বছর) মোট বৈতনিক আয়ের উপর কর নিরূপণ বিবরণী
১ জুলাই, ২০২১ হতে ৩০ জুন, ২০২২।

নাম : ...., পদবী : ...., শাখা/কার্যালয় : ....

পিতার নাম : ...., মাতার নাম : ....।

জাতীয় পরিচয়পত্র নং :													
ই-টি.আই.এন :													
মোবাইল নং :												-	-

ক্র : নং	বিবরণ	টাকা
(ক)	আয় :	
১।	মূল বেতন :	
২।	উৎসব ভাতা ও বোনাস/এক্সগ্রেসিয়া :	
৩।	সর্বমোট করযোগ্য আয় :	
(খ)	প্রদেয় কর :	
১।	প্রথম ৩,০০,০০০/- টাকা পর্যন্ত (পুরুষ করদাতা), ৩,৫০,০০০/- টাকা পর্যন্ত (তৃতীয় লিঙ্গের করদাতা ও মহিলা করদাতা), ৪,৫০,০০০/-টাকা পর্যন্ত (প্রতিবন্ধী করদাতা) এবং ৪,৭৫,০০০/-টাকা পর্যন্ত (গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতা) মোট আয়ের উপর ০% (শূন্য)হারে :	
২।	পরবর্তী ১,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ৫% (পাঁচ) হারে :	
৩।	পরবর্তী ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ১০% (দশ) হারে :	
৪।	পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ১৫% (পনের) হারে :	
৫।	পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ২০% (বিশ) হারে :	
৬।	অবশিষ্ট মোট আয়ের উপর ২৫% (পঁচিশ) হারে :	
৭।	সর্বমোট করযোগ্য আয়ের উপর কর :	
(গ)	বিনিয়োগ ও দান :	
১।	ব্যাংক ও নিজের দেয় ভবিষ্য তহবিলের চাঁদা (ভবিষ্য তহবিল গ্রহীতাদের ক্ষেত্রে) :	
২।	নিজের দেয় ভবিষ্য তহবিলের চাঁদা (পেনশন গ্রহীতাদের ক্ষেত্রে) :	
৩।	জীবন বীমার প্রিমিয়াম (বীমাকৃত টাকার অনুর্ধ্ব ১০%) :	
৪।	গোষ্ঠী বীমার প্রিমিয়াম :	
৫।	অনুমোদিত বদান্য তহবিলের চাঁদা :	
৬।	যে কোন তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ডিপোজিট স্কীমে(বার্ষিক সর্বোচ্চ ৬০,০০০/- টাকা) নিজ নামে বিনিয়োগ :	
৭।	সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ (চলতি বছরে নিজ নামে ক্রয়কৃত) :	
৮।	বাংলাদেশের ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার, স্টক, মিউচ্যুয়াল ফান্ড বা ডিবেঞ্চারে বিনিয়োগ :	
৯।	বাংলাদেশ সরকার অনুমোদিত ট্রেজারী বন্ডে বিনিয়োগ :	
১০।	যাকাত ফান্ডের চাঁদা (যাকাত অর্ডিন্যান্স-১৯৮২ অনুযায়ী) :	
১১।	যাকাত তহবিলে দান :	
১২।	জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত কোন দাতব্য হাসপাতালে দান :	
১৩।	প্রতিবন্ধীদের কল্যাণে স্থাপিত প্রতিষ্ঠানে দান :	
১৪।	মুক্তিযুদ্ধ যাদুঘরে প্রদত্ত দান :	
১৫।	আগাঁ খান ডেভেলপমেন্ট নেটওয়ার্কে দান :	
১৬।	সরকার কর্তৃক অনুমোদিত জনকল্যাণমূলক বা শিক্ষা প্রতিষ্ঠানে দান :	
১৭।	মুক্তিযুদ্ধের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠানে অনুদান :	
১৮।	জাতির জনকের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে অনুদান :	
১৯।	সর্বমোট বিনিয়োগ ও দান :	
(ঘ)	অনুমোদনযোগ্য বিনিয়োগ :	
১।	বিনিয়োগ ও দানকৃত মোট অর্থ অথবা করযোগ্য মোট আয়ের [82C ধারার (2) উপ-ধারায় বর্ণিত উৎস/উৎসসমূহ হতে প্রাপ্ত আয় এবং কর অব্যাহতি প্রাপ্ত বা হ্রাসকৃত করহার প্রযোজ্য এমন আয় থাকলে তা ব্যতীত] ২০% অথবা ১.০০ কোটি (এক কোটি) টাকা এ তিনটির মধ্যে যেটি কম:	
২।	কর রেয়াত বা ট্যাক্স ক্রেডিট {(ঘ) ১ এর উপর} : অনুমোদনযোগ্য বিনিয়োগের ১৫% হারে :	
৩।	ব্যক্তিগত মোটর গাড়ীর অগ্রিম কর :	
৪।	সর্বমোট কর রেয়াত ও অগ্রিম কর {(ঘ)২+(ঘ)৩} :	
(ঙ)	নীট প্রদেয় কর (খ)৭-(ঘ)৪ (সর্বনিম্ন কর ৩০০০/ ৪০০০/ ৫০০০ টাকা :	

প্রস্তুতকারী　　　　শাখা ব্যবস্থাপক/অফিস প্রধান এর স্বাক্ষর (সীলসহ)　　　　করদাতার স্বাক্ষর (সীলসহ)

বি: দ্র : উক্ত বিবরণী তৈরী করার সময় পয়সাকে নিকটতম টাকায় রূপান্তর করতে হবে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

....শাখা/কার্যালয়/ বিভাগ ।

ছক -'খ'

নাম : ....

পদবী : ....

ই-টি.আই.এন : ....

মাসের নাম	মূল বেতন	বাড়ী ভাড়া ভাতা	উৎসব ভাতা	বোনাস/ এক্সগ্রেসিয়া	বাংলা নববর্ষ ভাতা	আপ্যায়ন ভাতা	যাতায়াত ভাতা	শিক্ষা ভাতা	চিকিৎসা ভাতা	ছুটি নগদায়ন/ শ্রান্তি বিনোদন/ অন্যান্য	মোট	ভবিষ্য তহবিলে কর্মচারীর চাঁদা	বদান্য তহবিলের চাঁদা	মোট (১৩+১৪)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
জুলাই, ২০২১															
আগস্ট, ২০২১															
সেপ্টেম্বর, ২০২১															
অক্টোবর, ২০২১															
নভেম্বর, ২০২১															
ডিসেম্বর, ২০২১															
জানুয়ারী, ২০২২															
ফেব্রুয়ারী, ২০২২															
মার্চ, ২০২২															
এপ্রিল, ২০২২															
মে, ২০২২															
জুন, ২০২২															
বকেয়া :															
মোট :															

প্রধান কার্যালয়ে এক কপি জমা দিতে হবে।

করদাতার স্বাক্ষর (সীলসহ)

বেতন প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

ছক - 'গ'

.... শাখা/কার্যালয়/বিভাগ।

কর্মকর্তা/কর্মচারীগণের ২০২১-২০২২ অর্থবছর (২০২২-২০২৩ কর বছর) এর আয়কর বিবরণী :

ক্র : নং	কর্মকর্তা/ কর্মচারীর নাম	পদবী	ই-টি আই এন (ট্যাক্স পেয়ার্স আইডেন্টিফিকেশন নম্বর)	শাখা/ কার্যালয়/ বিভাগ	মূল বেতন	উৎসব ভাতা ও বোনাস/এক্সগ্রেসিয়া	সর্বমোট করযোগ্য আয় (৬ হতে ৭)	সর্বমোট করযোগ্য আয়ের উপর কর	ভবিষ্য তহবিলের চাঁদা	বদান্য তহবিলের চাঁদা	অন্যান্য	অনুমোদনযোগ্য বিনিয়োগ (মোট আয়ের ২০% এর বেশী নয়)	কর রেয়াত (ট্যাক্স ক্রেডিট) ১৫% (১৩ এর উপর)	ব্যক্তিগত মোটর গাড়ীর অগ্রিম কর	প্রদেয় কর (৯-১৪-১৫)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, প্রতিটি হিসাব বিবরণী যথাযথভাবে পরীক্ষা করা হয়েছে এবং কেন্দ্রীয় হিসাব বিভাগ-১, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, রাজশাহী কর্তৃক জারীকৃত প্রকা/কেহিবি-১/পরিপত্র নং-০৬/২০২২, তারিখ : ২৪-০৭-২০২২ মোতাবেক তা সঠিক। আরও প্রত্যয়ন করা যাচ্ছে যে, এই একত্রিত বিবরণীতে উল্লিখিত করদাতাগণ ব্যতীত আর কোন কর প্রদানযোগ্য কর্মকর্তা/কর্মচারী এই শাখা/কার্যালয়/বিভাগ-এ নাই।

উর্ধ্বতন কর্মকর্তা/মুখ্য কর্মকর্তা/ উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
স্বাক্ষর (সীলসহ)

জোনাল ব্যবস্থাপক/ উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/মহাব্যবস্থাপক
স্বাক্ষর (সীলসহ)

বি : দ্র : ০১। ছক 'ক', 'খ' ও 'গ' এক কপি করে প্রধান কার্যালয় এর কেন্দ্রীয় হিসাব বিভাগ-১ প্রেরণ করতে হবে।
০২। উক্ত বিবরণী তৈরী করার সময় পয়সাকে নিকটতম টাকায় রূপান্তর করতে হবে।

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

.................শাখা/কার্যালয়/বিভাগ

সততার কোন বিকল্প নেই, দুর্নীতির সাথে আপোষ নহে।
সহজ শর্তে কৃষি ঋণ, বদলে যাবে সবার দিন।

"মুজিববর্ষের প্রতিশ্রুতি
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের অগ্রগতি"

স্মারক নং- তারিখ : - -২০২২ ইং

ছক-'ঘ'

প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, জনাব ....পদবী : .... , শাখা/কার্যালয়/বিভাগ:........................., ই-টিআইএন :......................, এর নিকট হতে ২০২১-২০২২ অর্থবছর (২০২২-২০২৩ কর বছর) এর বৈতনিক আয়ের উৎসে আয়কর বাবদ ..../- (কথায় :.....................................) মাত্র কর্তন করা হয়েছে।

বেতন প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর

নমুনা

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী।

কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

ছক-'ক'

(কম্পিউটেশন শীট)

২০২১-২০২২ অর্থবছরের (২০২২-২০২৩ কর বছর) মোট বৈতনিক আয়ের উপর কর নিরূপণ বিবরণী
১ জুলাই, ২০২১ হতে ৩০ জুন, ২০২২।

নাম: মোঃ আতাউর রহমান, পদবী: উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, বিভাগ: কেন্দ্রীয় হিসাব বিভাগ-১, প্রধান কার্যালয়, রাজশাহী।

পিতার নাম: মৃত. সুজাল উদ্দিন, মাতার নাম: ফাতেমা বেগম।

জাতীয় পরিচয়পত্র নং :	০	০	০	১	৪	৯	৩	১	৩	৮	৫	২	১
ই-টি.আই.এন :	৮	১	৩	৫	৩	০	৪	৭	৬	০	২	৭	-
মোবাইল নং :	০	১	৭	৬	২	৬	৭	৯	৭	৮	৭	-	-

ক্র : নং	বিবরণ	টাকা
(ক)	আয় :	
১।	মূল বেতন :	৬,১৫,৬০০/-
২।	উৎসব ভাতা ও বোনাস/এক্সগ্রেসিয়া :	১,৯৮,৬৬০/-
৩।	সর্বমোট করযোগ্য আয় :	৮,১৪,২৬০/-
(খ)	প্রদেয় কর :	
১।	প্রথম ৩,০০,০০০/- টাকা পর্যন্ত (পুরুষ করদাতা), ৩,৫০,০০০/- টাকা পর্যন্ত (তৃতীয় লিঙ্গের করদাতা ও মহিলা করদাতা), ৪,৫০,০০০/- টাকা পর্যন্ত (প্রতিবন্ধী করদাতা) এবং ৪,৭৫,০০০/-টাকা পর্যন্ত (গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতা) মোট আয়ের উপর ০% (শূন্য)হারে :	-
২।	পরবর্তী ১,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ৫% (পাঁচ) হারে :	৫,০০০/-
৩।	পরবর্তী ৩,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ১০% (দশ) হারে :	৩০,০০০/-
৪।	পরবর্তী ৪,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ১৫% (পনের) হারে :	১৭,১৩৯/-
৫।	পরবর্তী ৫,০০,০০০/- টাকা পর্যন্ত মোট আয়ের উপর ২০% (বিশ) হারে :	-
৬।	অবশিষ্ট মোট আয়ের উপর ২৫% (পঁচিশ) হারে :	-
৭।	সর্বমোট করযোগ্য আয়ের উপর কর :	৫২,১৩৯/-
(গ)	বিনিয়োগ ও দান :	
১।	ব্যাংক ও নিজের দেয় ভবিষ্য তহবিলের চাঁদা (ভবিষ্য তহবিল গ্রহীতাদের ক্ষেত্রে) :	
২।	নিজের দেয় ভবিষ্য তহবিলের চাঁদা (পেনশন গ্রহীতাদের ক্ষেত্রে) :	১,৫৩,৯০১/-
৩।	জীবন বীমার প্রিমিয়াম (বীমাকৃত টাকার অনুর্ধ্ব ১০%) :	
৪।	গোষ্ঠী বীমার প্রিমিয়াম :	
৫।	অনুমোদিত বদান্য তহবিলের চাঁদা :	১,৯২০/-
৬।	যে কোন তফসিলি ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের ডিপোজিট স্কীমে(বার্ষিক সর্বোচ্চ ৬০,০০০/- টাকা) নিজ নামে বিনিয়োগ :	৬০,০০০/-
৭।	সঞ্চয়পত্র ক্রয়ে বিনিয়োগ (চলতি বছরে নিজ নামে ক্রয়কৃত) :	১০,০০,০০০/-
৮।	বাংলাদেশের ষ্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীর শেয়ার, স্টক, মিউচ্যুয়াল ফান্ড বা ডিবেঞ্চারে বিনিয়োগ :	
৯।	বাংলাদেশ সরকার অনুমোদিত ট্রেজারী বন্ডে বিনিয়োগ :	
১০।	যাকাত ফান্ডের চাঁদা (যাকাত অর্ডিন্যান্স-১৯৮২ অনুযায়ী) :	
১১।	যাকাত তহবিলে দান :	
১২।	জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অনুমোদিত কোন দাতব্য হাসপাতালে দান :	
১৩।	প্রতিবন্ধীদের কল্যাণে স্থাপিত প্রতিষ্ঠানে দান :	
১৪।	মুক্তিযুদ্ধ যাদুঘরে প্রদত্ত দান :	
১৫।	আগাঁ খান ডেভেলপমেন্ট নেটওয়ার্কে দান :	
১৬।	সরকার কর্তৃক অনুমোদিত জনকল্যাণমূলক বা শিক্ষা প্রতিষ্ঠানে দান :	
১৭।	মুক্তিযুদ্ধের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের কোন প্রতিষ্ঠানে অনুদান :	
১৮।	জাতির জনকের স্মৃতি রক্ষার্থে নিয়োজিত জাতীয় পর্যায়ের প্রতিষ্ঠানে অনুদান :	
১৯।	সর্বমোট বিনিয়োগ ও দান :	১২,১৫,৮২১/-
(ঘ)	অনুমোদনযোগ্য বিনিয়োগ :	
১।	বিনিয়োগ ও দানকৃত মোট অর্থ অথবা করযোগ্য মোট আয়ের [82C ধারার (2) উপ-ধারায় বর্ণিত উৎস/উৎসসমূহ হতে প্রাপ্ত আয় এবং কর অব্যাহতি প্রাপ্ত বা হ্রাসকৃত করহার প্রযোজ্য এমন আয় থাকলে তা ব্যতীত] ২০% অথবা ১.০০ কোটি (এক কোটি) টাকা এ তিনটির মধ্যে যেটি কম:	১,৬২,৮৫২/-
২।	কর রেয়াত বা ট্যাক্স ক্রেডিট {(ঘ) ১ এর উপর} :	
	অনুমোদনযোগ্য বিনিয়োগের ১৫% হারে :	২৪,৪২৮/-
৩।	ব্যক্তিগত মোটর গাড়ীর অগ্রিম কর :	-
৪।	সর্বমোট কর রেয়াত ও অগ্রিম কর {(ঘ)২+(ঘ)৩} :	২৪,৪২৮/-
(ঙ)	নীট প্রদেয় কর (খ)৭-(ঘ)৪ (সর্বনিম্ন কর ৩০০০/ ৪০০০/ ৫০০০ টাকা :	২৭,৭১১/-

স্বাক্ষরিত/-	স্বাক্ষরিত/-	স্বাক্ষরিত/-
২৪-০৭-২০২২	২৪-০৭-২০২২	২৪-০৭-২০২২
মাসুদ রানা মাহতাব	মোঃ মজনুর রহমান	মোঃ আতাউর রহমান
উর্ধ্বতন কর্মকর্তা	উপ-মহাব্যবস্থাপক	উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
প্রস্তুতকারী	শাখা ব্যবস্থাপক/অফিস প্রধান এর স্বাক্ষর (সীলসহ)	করদাতার স্বাক্ষর (সীলসহ)

<u>নমুনা</u>

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী।

কেন্দ্রীয় হিসাব বিভাগ-১

ছক-'খ'

জনাব মোঃ আতাউর রহমান
পদবী: উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা ।
ই-টি.আই.এন: ৮১৩৫৩০৪৭৬০২৭

মাসের নাম	মূল বেতন	বাড়ী ভাড়া ভাতা	উৎসব ভাতা	বোনাস/ এক্সগ্রেসিয়া	বাংলা নববর্ষ ভাতা	আপ্যায়ন ভাতা	যাতায়াত ভাতা	শিক্ষা ভাতা	চিকিৎসা ভাতা	ছুটি নগদায়ন/ শ্রান্তি বিনোদন/ অন্যান্য	মোট	ভবিষ্য তহবিলে কর্মচারীর চাঁদা	বদান্য তহবিলের চাঁদা	মোট (১৩+১৪)	মন্তব্য
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
জুলাই, ২০২১	৪৯০৯০	১৯৬৩৬	৪৯০৯০	০.০০	০.০০	০.০০	১০০	১০০০	১৫০০	০.০০	১২০৪১৬	১২২৭৩	১১০	১২৩৮৩	
আগস্ট, ২০২১	৫১৩০০	২০৫২০	০.০০	০.০০	০.০০	০.০০	১০০	১০০০	১৫০০	০.০০	৭৪৪২০	১২৮২৫	১১০	১২৯৩৫	
সেপ্টেম্বর, ২০২১	৫১৩০০	২০৫২০	০.০০	০.০০	০.০০	০.০০	১০০	১০০০	১৫০০	০.০০	৭৪৪২০	১২৮২৫	১১০	১২৯৩৫	
অক্টোবর, ২০২১	৫১৩০০	২০৫২০	০.০০	০.০০	০.০০	০.০০	১০০	১০০০	১৫০০	০.০০	৭৪৪২০	১২৮২৫	১১০	১২৯৩৫	
নভেম্বর, ২০২১	৫১৩০০	২০৫২০	০.০০	০.০০	০.০০	০.০০	১০০	১০০০	১৫০০	০.০০	৭৪৪২০	১২৮২৫	১১০	১২৯৩৫	
ডিসেম্বর, ২০২১	৫১৩০০	২০৫২০	০.০০	০.০০	০.০০	০.০০	১০০	১০০০	১৫০০	০.০০	৭৪৪২০	১২৮২৫	১১০	১২৯৩৫	
জানুয়ারী, ২০২২	৫১৩০০	২০৫২০	০.০০	০.০০	০.০০	০.০০	১০০	১০০০	১৫০০	০.০০	৭৪৪২০	১২৮২৫	১১০	১২৯৩৫	
ফেব্রুয়ারী, ২০২২	৫১৩০০	২০৫২০	০.০০	০.০০	০.০০	০.০০	১০০	১০০০	১৫০০	০.০০	৭৪৪২০	১২৮২৫	২৩০	১৩০৫৫	
মার্চ, ২০২২	৫১৩০০	২০৫২০	০.০০	৪৬৯৭০	০.০০	০.০০	১০০	১০০০	১৫০০	০.০০	১২১৩৯০	১২৮২৫	২৩০	১৩০৫৫	
এপ্রিল, ২০২২	৫১৩০০	২০৫২০	৫১৩০০	০.০০	১০২৬০	০.০০	১০০	১০০০	১৫০০	০.০০	১৩৫৯৮০	১২৮২৫	২৩০	১৩০৫৫	
মে, ২০২২	৫১৩০০	২০৫২০	০.০০	০.০০	০.০০	০.০০	১০০	১০০০	১৫০০	০.০০	৭৪৪২০	১২৮২৫	২৩০	১৩০৫৫	
জুন, ২০২২	৫১৩০০	২০৫২০	৫১৩০০	০.০০	০.০০	০.০০	১০০	১০০০	১৫০০	০.০০	১২৫৭২০	১২৮২৫	২৩০	১৩০৫৫	
বকেয়া :	২২১০	৮৮৪	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৩০৯৪	৫৫৩	০.০০	৫৫৩	
মোট :	৬১৫৬০০	২৪৬২৪০	১৫১৬৯০	৪৬৯৭০	১০২৬০	০.০০	১২০০	১২০০০	১৮০০০	০.০০	১১০১৯৬০	১৫৩৯০১	১৯২০	১৫৫৮২১	

<u>প্রধান কার্যালয়ে এক কপি জমা দিতে হবে।</u>

স্বাক্ষরিত/-
২৪-০৭-২০২২
মোঃ আতাউর রহমান
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা
<u>করদাতার স্বাক্ষর (সীলসহ)</u>

স্বাক্ষরিত/-
২৪-০৭-২০২২
মোঃ মজনূর রহমান
উপ-মহাব্যবস্থাপক
<u>বেতন প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর</u>